অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্যের পার্ক, ট্রেলস, ঐতিহাসিক সাইট এবং সর্বজনীন জমির অংশীদার সংস্থাগুলিকে 900,000 মার্কিন ডলার অনুদান হিসেবে প্রদান করার কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক জুড়ে 30টি প্রকল্পকে সহায়তা প্রদান করার জন্য বেসরকারী এবং সরকারী তহবিলের সুবিধা নেয়

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো রাজ্যের উদ্যান, ট্রেইলস, ঐতিহাসিক স্থান এবং সর্বজনীন জমিগুলির পরিচালনার সাথে জড়িত 30টি অলাভজনক সংস্থাকে সহায়তার জন্য 900,000 মার্কিন ডলার অনুদান প্রদান করার কথা ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্কের সুন্দর স্টেট পার্ক, ট্রেইল, সর্বজনীন জমি এবং ঐতিহাসিক সাইটগুলি বিশ্ব-মানের বহিরঙ্গনের বিনোদনমূলক সুযোগ প্রদান করে যা পর্যটনকে সাহায্য করে এবং স্থানীয় অর্থনীতির বিকাশ ঘটায়," **গভর্নর কুওমো বলেছেন।** "এই অংশীদারিত্বের সংস্থাগুলি আমাদের পার্কের ব্যবস্থায় অমূল্য সহায়তা প্রদান করে এবং আজ ঘোষিত অনুদানগুলি এই গ্রুপগুলির প্রচেষ্টা আরো বলিষ্ঠ করতে সাহায্য করে আগত প্রজন্মের জন্য আরো ভালো একটি স্টেট পার্ক সিস্টেম গড়ে তোলার জন্য।"

পার্ক এবং ট্রেইল অংশীদারিত্বের অনুদানের(The Park and Trail Partnership Grants program)প্রোগ্রামটি রাজ্যের পরিবেশ সংরক্ষণের তহবিলের মাধ্যমে অর্থায়ন করা হয়। অনুদানগুলি মূলধন প্রকল্পগুলির জন্য বেসরকারী তহবিল সংগ্রহ, রক্ষণাবেক্ষণ এবং সৌন্দর্য্যকরণের কর্মকাণ্ড সম্পাদন, শিক্ষামূলক প্রোগ্রামিং প্রদান করা, এবং বিশেষ ইভেন্ট আয়োজন করার মাধ্যমে পার্কগুলিতে জনসাধারণের সমাগম বৃদ্ধি করার জন্য অংশীদার গ্রুপের প্রচেষ্টাকে সমর্থন করে।

অলাভজনক অ্যাডভোকেসি গ্রুপ পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্কের সাথে অংশীদারিত্বে অনুদান পরিচালিত হয়। প্রাপকদের অবশ্যই প্রাপ্ত অনুদানের পরিমাণের অন্তত 10 শতাংশ বাইরে থেকে জোগাড় করতে হবে।

রাজ্যের পার্কের কমিশনার এরিক কুলসিড বলেছেন, "পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ গ্রান্ট প্রোগ্রামটি বন্ধুদের গ্রুপ এবং অন্যান্য সংস্থাগুলির পক্ষে আমাদের পার্কের পরিচালক হিসাবে তাদের ভূমিকা শক্তিশালী করা এবং প্রসারিত করা সম্ভব করে তোলে। আমরা এই গ্রুপগুলির সমস্ত সহায়তার জন্য এবং সমস্ত দর্শনার্থীদের উপভোগ করার জন্য পার্কের অভিজ্ঞতা তৈরি এবং বাড়ানোর দিকে তাদের অব্যাহত উৎসর্গের জন্য কৃতজ্ঞ।"

রাজ্য পরিবেশ সংরক্ষণের কমিশনার বেসিল সেগগোস বলেছেন, "ভবিষ্যতের প্রজন্মের জন্য নিউ ইয়র্কের জমি রক্ষা করার জন্য, স্থানীয় অংশীদার এবং স্বেচ্ছাসেবীদের সাথে টেকসই ব্যবহার উন্নত করতে এবং জনগণের নিরাপদ এবং দায়িত্বশীল উপভোগের জন্য আমাদের ট্রেইলগুলির রক্ষণাবেক্ষণ করতে DEC হতে হাত মিলিয়ে কাজ করে। আজকের পুরষ্কারগুলি সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য বহিরঙ্গনকে আরও সহজলভ্য করার প্রচেষ্টা এবং আগত প্রজন্মের পরিবেশগত পরিচালকদের অনুপ্রাণিত করার জন্য প্রাকৃতিক সম্পদগুলির উপর তাদের প্রভাব আরও ভালভাবে বুঝতে সাহায্য করবে।"

পার্ক ও ট্রেইল নিউ ইয়র্কের নির্বাহী পরিচালক রবিন ড্রপকিন বলেছেন, "আরও বেশি সংখ্যক লোক বহিরঙ্গন আবিষ্কার করার সাথে এবং আমাদের পার্কগুলি, ট্রেইলগুলি এবং পাবলিক জমিগুলিতে সাক্ষাত বাড়তে থাকার সাথে, শক্তিশালী সরকারী/সরকারী অংশীদারিত্বের প্রয়োজন কখনও এর চেয়ে বেশি হয়নি। পার্ক এবং ট্রেইলের অংশীদারিত্বের অনুদান এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের মধ্যে বন্ধুদের গ্রুপগুলির ভূমিকা জোরদার করতে সহায়তা করে।

অনুদানগুলি নিউইয়র্ক স্টেট পার্ক, ট্রেইলস, ঐতিহাসিক সাইট এবং সর্বজনীন জমিগুলির সংরক্ষণ, স্টুয়ার্ডশিপ, ব্যাখ্যা, রক্ষণাবেক্ষণ এবং প্রচারকে উন্নত করার উদ্যোগগুলিতে লক্ষ্য করে; অলাভজনক সংস্থাগুলির স্থায়িত্ব, কার্যকারিতা, উত্পাদনশীলতা, স্বেচ্ছাসেবীতা এবং তহবিল সংগ্রহের ক্ষমতা বৃদ্ধি করে যা নিউ ইয়র্ক রাজ্যের পার্ক, ট্রেইল এবং রাজ্যের ঐতিহাসিক স্থান এবং সর্বজনীন জমিগুলির প্রচার, রক্ষণাবেক্ষণ এবং সমর্থন করে এবং; পার্ক, ট্রেইল এবং গ্রিনওয়েগুলির একটি সংযুক্ত রাজ্যব্যাপী নেটওয়ার্কের বৃদ্ধি এবং বিস্তারের মাধ্যমে বহিরঙ্গন বিনোদনের পর্যটন এবং অর্থনৈতিক উন্নয়নের সুবিধাগুলির প্রচার করে।

পুরস্কারপ্রাপ্তদের মধ্যে রয়েছে:

<u>রাজধানী অঞ্চল</u>

- ফ্রেন্ডস অফ ফোর্ট ক্রেইলোর (6,500 মার্কিন ডলার)-- বোর্ডের মেকআপকে শক্তিশালী করে, একটি শক্তিশালী সদস্যপদের পরিকল্পনার বিকাশ করে এবং একটি ওয়েবসাইট তৈরি করে ফ্রেন্ডস অফ ফোর্ট ক্রেইলো এবং ক্রেইলো রাজ্যের ঐতিহাসিক সাইট সম্পর্কে এক আরো বিস্তৃত সচেতনতা তৈরি করতে পারার ক্ষমতাকে কাজে লাগানোর জন্য।
- ফ্রেন্ডস অফ গ্রাফটন লেকস স্টেট পার্ক (9,506 মার্কিন ডলার) - সদস্যপদ, স্বেচ্ছাসেবকতা এবং দাতা বিকাশের মাধ্যমে ক্ষমতা তৈরি করা এবং হাইকিং, পর্বতে বাইক

চালানো, গ্রীষ্মের চলচ্চিত্রের সিরিজ, তহবিল সংগ্রহের ইভেন্ট, প্রচারমূলক সামগ্রী এবং অন্যান্য সহায়ক উদ্যোগ সহ একাধিক ক্রিয়াকলাপের জন্য তহবিল সংগ্রহ করার জন্য।

- ফ্রেন্ডস অফ সারাটোগা স্পা স্টেট পার্ক (75,000 মার্কিন ডলার) - কোসা স্প্রিং হাউজ পুনরুদ্ধার করতে, কোসা মিনেরাল স্প্রিং সম্পর্কে ব্যাখ্যামূলক সাইন প্রদান করতে এবং মূল গ্রানাইট ঝর্ণার ঐতিহাসিকভাবে সঠিক প্রতিলিপি স্থাপন করার জন্য।
- ফ্রেন্ডস অফ বেনিংটন ব্যাটলফিল্ড (6,750 মার্কিন ডলার) - যুদ্ধের বিভিন্ন বিবরণ প্রদান করা সম্প্রতি স্থাপন করা ব্যাখ্যামূলক প্যানেলে QR কোডের মাধ্যমে পেশাদারভাবে উৎপাদিত অডিও ফাইলগুলি যোগ করার জন্য।
- লেক জর্জ ব্যাটলফিল্ড পার্ক (ফোর্ট জর্জ) অ্যালায়ন্স (2,040 মার্কিন ডলার) - নতুন লেক জর্জ ব্যাটফিল্ড পার্ক ভিজিটর ইন্টারপ্রিটিভ সেন্টারের সচেতনতা তৈরি করার জন্য একটি আপডেট করা ব্যাটলফিল্ড পার্কের ট্যুর গাইড এবং র্যাক কার্ড বিকাশ, প্রিন্ট এবং বিতরণ করার জন্য।

<u>সেন্ট্রাল নিউ ইয়র্ক</u>

- ফ্রেন্ডস অফ ক্লার্ক রিজার্ভেশন (5,400 মার্কিন ডলার) - একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করার জন্য।
- ফ্রেন্ডস অফ ফিলমোর গ্লেন স্টেট পার্ক (13,296 মার্কিন ডলার) - মানচিত্র, তথ্য এবং শিক্ষামূলক ব্যাখ্যামূলক চিহ্ন সহ পার্কে কিওস্ক তৈরি করতে এবং ইভেন্টের সাইনগুলি আপগ্রেড করার জন্য।
- ফ্রেন্ডস অফ লোরেঞ্জো (43,020 মার্কিন ডলার) - বৌদ্ধিক নিয়ন্ত্রণ এবং ব্যবহারের সুবিধার্থে ব্যবহারযোগ্য বৈদ্যুতিন সংগ্রহগুলিতে মানচিত্র, ফটো, জমির রেকর্ড, চিঠিপত্র এবং অন্যান্য ঐতিহাসিক নথিপত্র সংগ্রহের ব্যবস্থা করার জন্য।

<u>ফিঙ্গার লেকস</u>

- ফ্রেন্ডস অফ লেচওয়ার্থ স্টেট পার্ক (50,700 মার্কিন ডলার) - উলফ ক্রিক এবং এডিস পিকনিক অঞ্চলের 18টি আইকনিক সিভিলিয়ান কনজার্ভেশনের কর্পস-নির্মিত পাথরের টেবিলগুলি পুনরুদ্ধার এবং সংরক্ষণের জন্য।
- সোনেনবার্গ গার্ডেনস এবং ম্যানশন স্টেট হিস্টোরিক পার্ক (16,200 মার্কিন ডলার) - জনসংযোগ এবং তহবিল সংগ্রহে সহায়তা করার জন্য একটি প্রচারনা এবং বিপণন পরিকল্পনার তহবিল সরবরাহ করতে।

<u>লং আইল্যান্ড</u>

- আটলান্টিক মেরিন কনজার্ভেশন সোসাইটি (23,084 মার্কিন ডলার) - উভয় পার্কে গুরুত্বপূর্ণ বাস্তুতন্ত্র এবং সামুদ্রিক জীবন তুলে ধরতে হলক স্টেট পার্ক সংরক্ষণ ও

ওরিয়েন্ট বিচ স্টেট পার্কে এবং হলক স্টেট পার্ক সংরক্ষণের কমিউনিটি রুমে একটি নতুন প্রদর্শনী ইনস্টল করার জন্য।

- বায়ার্ড কাটিং আরবোরেটাম হর্টিকালচারাল সোসাইটি (50,000 মার্কিন ডলার) - আরবোরেটাম এবং সম্প্রদায়কে আরো ভালোভাবে পরিষেবা প্রদান করার জন্য শিক্ষামূলক প্রোগ্রামগুলি সংগঠিত, বৃদ্ধি এবং বর্ধনের উদ্দেশ্যে একটি শিক্ষার সমন্বয়ক নিয়োগ করার জন্য।
- ওয়াল্ট হুইটম্যান বার্থপ্লেস অ্যাসোসিয়েশন (33,888 মার্কিন ডলার) - প্রসারিত ওয়েবসাইটের ক্ষমতা এবং বিপণনের কৌশলগুলির মাধ্যমে হুইটম্যানের উত্তরাধিকার প্রচার করতে যা হুইটম্যানের জন্মের ভিটেতে মনোযোগ, প্রশংসা, লেনদেন এবং সমর্থন আনবে।

মিড-হাডসন

- কালভার্ট ভক্স প্রিজার্ভেশন অ্যালায়ন্স (36,000 মার্কিন ডলার) - একটি যোগাযোগ ও বিকাশের বিশেষজ্ঞের পরিষেবার চুক্তি করতে যিনি পেশাদার কর্মীদের নিযুক্ত করতে, সরকারী এবং বেসরকারী নির্বাচনী ক্ষেত্র সম্প্রসারণ করতে, এবং মূলধন প্রকল্প এবং পাবলিক কর্মসূচির জন্য তহবিল সংগ্রহের জন্য গুরুত্বপূর্ণ যোগাযোগ এবং উন্নয়নের পরিকাঠামো প্রতিষ্ঠা করবেন।
- ফোর্ট মন্টগোমেরি ব্যাটল সাইট অ্যাসোসিয়েশন (33,300 মার্কিন ডলার) -- ফোর্ট মন্টগোমেরি রাজ্যের ঐতিহাসিক সাইটের পশ্চিম অঞ্চলে ট্রেইলটি মেরামতের ও নিরাপদ করার জন্য--দুই-পর্বের প্রকল্পের দ্বিতীয় ভাগ।
- ফ্রেন্ডস অফ দ্য ওল্ড ক্রটন অ্যাকুয়াডাক্ট (24,875 মার্কিন ডলার) - বঞ্চিতই এবং বৈচিত্রপূর্ণ সম্প্রদায়গুলিতে সফল আউটরিচ এবং সাম্প্রদায়িক বিজাড়ন প্রসারিত করতে একজন আংশিক-সময়ের আউটরিচ সমন্বয়কারীকে রেখে অ্যাকুয়াডাক্ট সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে এবং ফ্রেন্ডসদের ক্ষমতা সমৃদ্ধ করতে।
- ফ্রেন্ডস অফ রকেরফেলার স্টেট পার্ক প্রিজার্ভ, ইনক (60,000 মার্কিন ডলার) - রকেরফেলার স্টেট পার্ক প্রিজার্ভের সোয়ান লেক অংশের ঐতিহাসিক ওভারলুক ট্রেইল ক্যারেজ রাস্তার সংস্কার করার জন্য।
- হারলেম ভ্যালী রেইল ট্রেইল অ্যাসোসিয়েশন (75,000 মার্কিন ডলার) - হারলেম ভ্যালী রেইল ট্রেইলের প্রাচীণতম একটি অংশ নতুন করে প্রস্তুত করা যা ট্যাকনিক স্টেট পার্কের অংশ।
- লিটল ষ্টোনি পয়েন্ট সিটিজেন্স অ্যাসোসিয়েশন, ইনক (13,500 মার্কিন ডলার) - প্রবেশাধিকার, পরিচালনা, এবং পরিবেশ শিক্ষার সুযোগ বৃদ্ধি করার জন্য লিটল ষ্টোনি পয়েন্ট ওভারলুকে যাওয়া ট্রেইলটি আরো বেশি অ্যাকসেসযোগ্য করে।
- ওয়াকওয়ে ওভার দ্য হাডসন (64,996 মার্কিন ডলার) - সামার ওয়াকওয়ে অ্যাম্বাসেডর প্রোগ্রাম তদারক করার জন্য একটি পদের অর্থায়ন করার জন্য (একটি যুব কর্মসংস্থান কর্মসূচী), এবং অন-ব্রিজ ক্রিয়কলাপ, ইভেন্টে সহায়তা করা, এবং নতুন ইস্ট গেট প্লাজার ব্যবস্থাপনার জন্য।

মোহক ভ্যালী

- হাইড হল, ইনক, (2,830 মার্কিন ডলার) - চারটি ব্যাখ্যামূলক এবং শিক্ষামূলক প্যানেইল ডিজাইন, ফ্যাবরিকেট এবং স্থাপন করার জন্য যা দর্শনার্থীদের হাইড হলের ইতিহাসের সাথে পরিচিত করবে এবং সাইটের জন্য একটি সাধারণ স্বাগত এবং অভিমুখীকরণ প্রদানের কাজও করবে।

নিউ ইয়র্ক সিটি

- ফোর ফ্রিডমস পার্ক কনজারভেনসি (35,000 মার্কিন ডলার) -FDR ফোর ফ্রিডমস স্টেট পার্কে প্রোগ্রামিংয়ের অর্থায়ন করার জন্য; এলাকার বিশষজ্ঞদের দ্বারা অন-সাইট সফরের এক পরিসরের পরিকল্পনা করা, উন্নয়ন করা এবং তা সম্পাদন করার জন্য; এবং একাধিক ভাষায় স্ব-নির্দেশিত মোবাইল সফর প্রস্তুত করা এবং সম্পাদন করার জন্য।

নর্থ কান্ট্রি

- অ্যাডিরনড্যাক আর্কিটেকচারাল হেরিটেজ (30,000 মার্কিন ডলার) - পোক-ও-মুনশাইনের 1.8-মাইল রেঞ্জার ট্রেইলের একটি পাঁচ-বছরের পুনর্বাসন সম্পূর্ণ করার জন্য একটি কৌতূহলোদ্দীপক, বৈচিত্রময়, এবং টেকসই ব্যাখ্যামূলক পাহাড়ের উপর অবধি যাওয়া একটি আদর্শ ট্রেইলের জন্য।
- অ্যাডিরনড্যাক মাউন্টেইন ক্লাব (14,139 মার্কিন ডলার) - একটি সামার ষ্টুওয়ার্ডশিপ প্রোগ্রামের জন্য একজন কর্মী নিয়োগ করার জন্য যিনি নিউ ইয়র্কের সর্বোচ্চ পাহাড়ের উপরে অবস্থিত থাকবেন মে থেকে অক্টোবর পর্যন্ত অ্যাপাইন বাস্তুতন্ত্র সম্পর্কে জনসাধারণকে অবগত করানোর জন্য এবং এই ভঙ্গুর সংস্থানটি রক্ষা করার জন্য তাদের সাহায্য কাজে লাগতে।
- উইনোয়া ফরেস্ট রিকরিয়েশন অ্যাসোসিয়েশন (26,837 মার্কিন ডলার) - এই ঐতিহ্যবাহী ইভেন্ট ট্রেইল কোর্সটি দ্বিগুণ করা পাঁচটি নতুন ব্রিজ, তিনটি নতুন ট্রেইল যোগ করে, এবং ট্রেইলের পুনর্বাসন করে, যার অন্তর্ভূক্ত হবে একটি নতুন 5K ট্রেইল যা হায়কর, মাউন্টেইন বাইকার, এবং ট্রেইলের দৌড়বিদরা ব্যবহার করতে পারবেন।

সাউদার্ন টিয়ার

- ফ্রেন্ডস অফ দ্য ক্যাথেরিন ভ্যালী ট্রেইল (13,500 মার্কিন ডলার) - ট্রেইলের ক্ষয় রোধ করা কালভার্ট স্থাপন করে, পৃষ্ঠতল নতুন করে বানিয়ে, এবং দুটি ব্যাখ্যামূলক কিয়স্ক স্থাপন করে কৌশলগত স্থানে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- আর্টপার্ক অ্যান্ড কোম্পানী ইনক (50,000 মার্কিন ডলার) - একটি বিস্তররীত পথনির্দেশক সিস্টেম তৈরি করার জন্য এবং পাবলিক ওয়াই-ফাই একীভূত করার জন্য আর্টপার্কের পথগুলিতে যাতে আর্টপার্কের দর্শনার্থীদের বৈচিত্রময় জনতাত্ত্বিককে ডেটার অ্যাকসেস দেওয়া যায়, এবং প্রস্তাবিত ব্যাখ্যামূলক সাইনেজ সিস্টেমের জন্য কার্যকর আবশ্যকতা হিসেবে কাজ করার জন্য এবং তথ্য সংগ্রহের জন্য।
- চাউটাউকুয়া কাউন্টি ইকোয়েসট্রিয়ান ট্রেইল সিস্টেম (64,805 মার্কিন ডলার)- দ্য বুলেবার্ড নামক ট্রেইলের পরিবেশ-বান্ধব, টেকসই পুনর্বাসন প্রদান করার জন্য যা ট্রেইল ব্যবহারকারীদের জন্য একটি গুরুত্বপূর্ণ অ্যাকসেস বিন্দু হিসেবে কাজ করে এবং গাছ কাটার কারণে গত দুই বছর ধরে বন্ধ আছে।
- ফ্রেন্ডস অফ রাইনস্টাইন নেচার প্রিজার্ভ (6,510 মার্কিন ডলার) -"ইতিহাস ট্রেইল" বরাবর স্থায়ী, টেকসই ব্যাখ্যামূলক সাইন প্রদান করার জন্য, নতুন প্রবেষধিকারের বৈশিষ্ট্য এবং একটি অডিও সফর সহ।
- মার্টিন হাউজ রেস্টোরেশন কর্পোরেশন (13,500 মার্কিন ডলার) - একজন কিউরেটোরিয়াল ইনটার্নকে রাখা যিনি একটি বিস্তৃত সংগ্রহের ক্যাটালগিং এর দ্বিতীয় পর্যায়ে সহায়তা করবেন যা সংগ্রহের পরিচালনা আরো বলিষ্ঠ করবে এবং সেগুলির নাগাল পাওয়া আরো সহজ করবে।

গভর্নরের 2021 এর স্টেট অফ দ্য স্টেট বক্তৃতায় প্রবর্তিত অ্যাডপ্ট এ ট্রেইলহেড প্রোগ্রামের ব্যবস্থাপনার দায়িত্বে আছে DEC এবং এটি জনসাধারণকে একটি সুযোগ দেয় রাজ্যের জমির পরিচর্যা করার এবং দর্শনার্থীদের দায়িত্বপূর্ণ বিনোদনের মূল্য বোঝাতে রাজ্যের প্রচেষ্টায় তাদের সহায়তা প্রদান করার। AAT প্রোগ্রাম DEC-র সর্বজনীন ভূমিতে বর্ধিত সাক্ষাত টেকসইভাবে ব্যবস্থাপনা করার ব্যাপক এবং চলমান প্রচেষ্টাকে সমর্থন করে এবং ভবিষ্যত ভূমি ব্যবস্থাপনার সিদ্ধান্তের জন্য পথ প্রদর্শন করার উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। AAT প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য DEC-র ওয়েবসাইটে যান এখানে।

পার্কস অ্যান্ড ট্রেইলস নিউ ইয়র্ক হল নিউ ইয়র্কের পার্ক ও ট্রেইলের প্রধান রাজ্যব্যাপী সমর্থক, যারা 35 বছর ধরে তৃণমূল গোষ্ঠীগুলির সাথে কাজ করছে সরকারী-বেসরকারি অংশীদারিত্ব শক্তিশালী করার জন্য এবং নিউ ইয়র্কের স্বাস্থ্য, অর্থনীতি, এবং জীবন যাত্রার মান উন্নত করার জন্য সবুজ স্থানের ব্যবহার এবং উপভোগের মাধ্যমে। আরো তথ্যের জন্যwww.ptny.org এ যান।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন 250 টিরও বেশি স্বতন্ত্র পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল এবং নৌবিহারের তত্ত্বাবধান করে, যা বছরে 78 মিলিয়ন মানুষ দেখতে যান। স্টেট পার্ক বিনোদন এলকগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 বাparks.ny.gov এ যান, ফেসবুক এ যোগাযোগ করুন, বা টুইটার এ অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন